## তেরখাদা উপজেলা পরিষদের ডিসেম্বর-২৪ মাসে অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোহাম্মদ শহীদুল্লাহ
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ৩০-১২-২০২৪ খ্রি, বেলাঃ ১১.৩০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও নির্বাহী অফিসার জনাব মোহাম্মদ শহীদুল্লাহ মহোদয় সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউ,পি চেয়ারম্যানদের জনসেবা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। অতপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানীত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়।
সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রম নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | সভায় উপজেলা প্রকৌশলী মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর আওতায় সাধারন বরাদ্দের ১ম কিস্তি ও ২য় কিস্তিতে ২২ ৬৭ লক্ষ টাকা হারে বরাদ্দ পাওয়া গেছে এবং ৩য় ও ৪র্থ কিস্তিতে ও সমপরিমান অর্থ বরাদ্দের সম্ভবনা রয়েছে। তিনি স্থানীয় জনসাধরণের ও সামাজিক জনগুরুত বিবেচনায় জরুরী ভিত্তিতে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ জানান। তিনি বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প দাখিলের ক্ষেত্রে গ্রামীন রাস্তা, কালভার্ট, কৃষি, স্বাস্থ্য, যুব ও ক্রীড়া, নারী উন্নয়নের উপর গুরুত্বরোপ করেন। | (০১) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর আওতায় প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় [illegible]পস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, তেরখাদা উপজেলায় চলতি মৌসুমে ৫,০০০ জন কৃষকের মাঝে উন্নত হাইব্রীড জাতের ধানের বীজ বিতরন করা হয়েছে। ২৫০ জনকে শীতকালীন সব্জি বীজ এবং ১০০০/- টাকা হারে প্রনোদনা প্রদান করা হয়েছে। তিনি তেরখাদা উপজেলার বিভিন্ন খালের স্লুইচগেট দিয়ে বিলে লবন পানি প্রবেশ করতঃ কৃষকের ক্ষতি সাধন হতে না পারে সে বিষয়ে সকল জনপ্রতিনিধি ও সচেতন মহলকে সজাগ দৃষ্টি দানে সভায় অনুরোধ জানান | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে ও উপজেলার বিভিন্ন খালের স্লুইচগেট দিয়ে বিলে লবন পানি প্রবেশ ঠেকাতে সকল জনপ্রতিনিধিদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৪ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নভেম্বর/২৪ মাসে বিআরডিবি তেরখাদা, খুলনা দপ্তরে সমিতি গঠন হয়েছে ১৪০টি, সুফলভোগী সদস্য ভর্তি হয়েছে ২[illegible]৩৫জন, শেয়ার আদায় ১৮.২১ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৭০.২৬ লক্ষ টাকা, ঋণ বিতরণ ৩,৫৬৭.৯৭ লক্ষ টাকা ঋণ আদায় ৩,২৯৩.২৯ লক্ষ টাকা। তিনি জানান কোভিডের সময় ২৫ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছিল এবং সমুদয় অর্থ আদায় হয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তরে ০৮টি সার্টিফিকেট মামলা চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৫ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এইসপিপি ফ্যাসিলেশন প্রোগ্রাম চলমান রয়েছে। হাসপাতালে আগত বহির্বীভাগে রোগীদের ও [illegible] রোগীদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত ডাস্টবিন না থাকায় স্বাস্থ্য সহায়ক পরিবেশ বজায় রাখতে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। হাসপাতাল কমপাউন্ডে বহিরাগতরা গরু ছাগল চরানোর কারনে পরিবেশ বিনষ্ট হচ্ছে। হাসপাতালের অভ্যান্তরে ব্যান স্টান্ড গেটের বাইরে স্থাপনের জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি আরও বলেন এক্সরে মেশিন নষ্ট ঠাকায় রোগীদের বাইরে [illegible]তে হচ্ছে। | উল্লিখিত বিষয়ে তেরখাদা ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমাজসেবা অধিদপ্তরের আওতায় তেরখাদা উপজেলায় সকল ধরনের ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি বলেন অনগ্রসর জনগোষ্ঠীর ভাতার আবেদনের সময়সীমা ৩১ ডিসেম্বর-২৪ পর্যন্ত । তিনি এ বিষয়ে সকল জনপ্রতিনিধিদের প্রাচার প্রচারনার জন্য অনুরোধ জনান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, নভেম্বর-২৪ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর অক্টোবর-২৪ মাসের মজুরি | ১৪,৮৫০/- |
| ২. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর অক্টোবর-২৪ মাসের মজুরি | ১৪,৮৫০/- |
| ৩. | উপজেলা পরিষদের অক্টোবর-২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের অক্টোবর-২৪ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৫. | উপজেলা পরিষদের জন্য ক্রোকারিজ সমাগ্রী ক্রয় | ২৪,৮৩০/- |
| ৬. | উপজেলার পরিষদের কনফারেন্স রুমের ইলেকট্রিক ওয়ারিং ও মালামাল ক্রয় | ২৪,৯৫০/- |
| ৭. | কনফারেন্স রুমের মাইক্রোফোন ক্রয় ও ফুলের চারাগাছ ক্রয় বিল | ২৪,০১৮/- |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

CamScanner

সভাপতির বক্তব্যঃ

সভাপতি মহোদয়, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি উন্নয়ন মূলক কাজে জনগুরত্ব বিবেচনায় প্রকল্প দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার সকল বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে নিরলস ভাবে কাজ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একসঙ্গে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২৫

(মোহাম্মদ শহীদুল্লাহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা-৯-৯/২০২৪-৯২০/১(৩০)

তারিখঃ ৩০/১২/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

২। উপজেলা ..................................................অফিসার, তেরখাদা, খুলনা।

৩। চেয়ারম্যান/ভারপ্রাপ্ত চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।

৪। জনাব ................................................., তেরখাদা, খুলনা।

০৫। অফিস নথি।

৩০/১২/২৫

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

পরিশিষ্ট-ক

সভার তারিখ- ৩০/১২/২০২৪ খ্রিঃ সময়ঃ সকাল ১১. ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০২. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১০. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা | |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২০. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা | |
| ২৭. | ইন্সটেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প। | |
| ৩০. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা | |
| ৩১. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | |
| ৩২. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

পরিশিষ্ট-খ

১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা
২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা

CamScanner